

প্রেস বিজ্ঞপ্তি

১৫ অক্টোবর ২০২০



বর্ণিতা বসাক ভূষা

মোঃ মোমিনুল হক

বাউয়েট এবং কুয়েট এর শিক্ষার্থীদের সাফল্য

বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বাউয়েট) কাদিরাবাদ, নাটোর এবং খুলনা ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (কুয়েট) এর শিক্ষার্থীরা নাসায় (NASA) গ্লোবাল নমিনি হিসেবে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে। বাউয়েট এবং কুয়েট এর শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত সাত সদস্যের 'টিম মহাকাশ' এই কনটেস্টের Create ক্যাটাগরির Virtual Planetary Exploration চ্যালেঞ্জে অংশ নিয়ে ভবিষ্যতে অন্য গ্রহে মহাকাশ অভিযানে মহাকাশচারীদের ব্যবহারের জন্য টুল সেট ডিজাইন করেছে। বাউয়েটের সিএসই বিভাগের ৫ম ব্যাচের শিক্ষার্থী বর্ণিতা বসাক ভূষা এবং একই বিভাগের ৭ম ব্যাচের শিক্ষার্থী মোঃ মোমিনুল হক টিমের সদস্য হিসেবে উক্ত প্রতিযোগিতায় অংশ গ্রহণ করছে।



উল্লেখ্য, গত ২-৪ অক্টোবর ২০২০ তারিখে সারা দেশে টানা ৬ষ্ঠ বারের মতো বেসিস-এর তত্ত্বাবধানে এবং বেসিস স্টুডেন্টস ফোরামের সহায়তায় যুক্তরাষ্ট্রের জাতীয় মহাকাশ সংস্থা নাসার উদ্যোগে ভারুয়াল ইভেন্ট 'নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ বাংলাদেশ-২০২০' অনুষ্ঠিত হয়েছে। বিশ্বের প্রায় ২৫০টি শহরের মতো বাংলাদেশের বিভাগীয় পর্যায়ে বিজয়ী ১৭টি টিম বাংলাদেশের গ্লোবাল নমিনি হিসেবে আন্তর্জাতিক পর্যায়ে অংশ নিচ্ছে। এই প্রতিযোগিতায় প্রতিযোগীদের আগে থেকে নির্দিষ্ট করে দেয়া যেকোনো চ্যালেঞ্জে অংশগ্রহণ করে সমস্যার সমাধান বের করতে হয়।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য কর্ণেল মোহাম্মদ হামিদুল হক, পিএসসি (অব.) উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বাউয়েটের সদস্যদের শুভেচ্ছা জানান এবং 'টিম মহাকাশ' এর সাফল্য কামনা করেন।

#

বার্তা প্রেরক

মো. আশরাফুল ইসলাম

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) এবং পাবলিক রিলেশন অফিসার, বাউয়েট

মোবাইল: ০১৭০৮৫০৩৫১০ (অফিস), ০১৭২৮০৩৩৫৫২ (ব্যক্তিগত)

ইমেইল: ashrafbauet@gmail.com, prdbauet@gmail.com